

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
জলবায়ু পরিবর্তন-২ শাখা
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৮৬.১৪.১০০.১৯.৫৩৮

তারিখ: ০৪ পৌষ, ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ডিসেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক প্রস্তাবিত “পরিত্যক্ত পলিথিন ও অন্যান্য পলিমারজাত দ্রব্য সামগ্রী প্রচলিত বিটুমিনের সাথে পুন:ব্যবহারের মাধ্যমে টেকসই সড়ক উন্নয়ন: জলবায়ু পরিবর্তন মোকাবেলায় একটি প্রায়োগিক গবেষণা” শীর্ষক প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারী প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ০১ নভেম্বর, ২০১৮ তারিখে অনুষ্ঠিত জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ডের ৪৯তম সভায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের অর্থায়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) কর্তৃক প্রস্তাবিত “পরিত্যক্ত পলিথিন ও অন্যান্য পলিমারজাত দ্রব্য সামগ্রী প্রচলিত বিটুমিনের সাথে পুন:ব্যবহারের মাধ্যমে টেকসই সড়ক উন্নয়ন: জলবায়ু পরিবর্তন মোকাবেলায় একটি প্রায়োগিক গবেষণা” শীর্ষক প্রকল্প প্রস্তাবটি প্রাক্কলিত ব্যয় ২০০.০০ (দুইশত) লক্ষ টাকা বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। এ অর্থ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে নির্বাহ করা হবে। এমতাবস্থায়, ট্রাস্টি বোর্ডের সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে বর্ণিত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন আদেশ জারী করা হলো। অনুমোদিত প্রকল্প প্রস্তাবের এক প্রস্থ পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

প্রকল্পের মূল মেয়াদকাল: জুলাই, ২০১৯ হতে জুন, ২০২২ পর্যন্ত।

বাস্তবায়নকারী সংস্থাঃ বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) এবং বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

প্রকল্পটির অনুমোদিত আইটেম ও আইটেম ওয়ারী ব্যয় বিভাজন নিম্নরূপঃ

(অংকসমূহ লক্ষ টাকায়)

ক্রমং	অর্থনৈতিক কোড	খাতের বিবরণ	টাকার পরিমাণ
০১	৩২৪১১০১	অভ্যন্তরীণ ভ্রমণ ব্যয়	৮.৫০
০২	৩২১১১২৭	বইপত্র ও সাময়িকী	১.০০
০৩	৩২১১১২৮	প্রকাশনা	১.৫০
০৪	৩২৫৫১০২	মুদ্রণ ও বাঁধায়	১.০০
০৫	৩২৫৫১০৫	অন্যান্য মনিহারি	২.৫০
০৬	৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন ব্যয়	১.০০
০৭	৩২৫৭১০৩	গবেষণা ব্যয়	৭২.২৩
০৮	৩২১১১২৯	অফিস ভবন ভাড়া	৬.০০
০৯	৩২৫৮১০২	আসবাবপত্র	১.০০
১০	৩২১১১১৩	বিদ্যুৎ	০.৫০
১১	৩২১১১১১	সেমিনার/কনফারেন্স ব্যয়	৭.০০
১২	৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়	২.৫০
১৩	৩২১১১০৭	হায়ারিং চার্জ	১৫.০০
১৪	৩২১১১০৯	শ্রমিক মজুরী (সরকারি কর্মচারী ব্যতীত)	১.৭৫
১৫	৩১১১০৩২	সন্মানী ভাতা	৮.০০
১৬	৩২২১১০১	নিরীক্ষা ফি	০.৫০
১৭	৩২৪২১০১	বৈদেশিক ভ্রমণ ব্যয়	৯.০০
১৮	৩২২১১০৯	ব্যবস্থাপনা ব্যয়	২.৫০
(ক) মোট রাজস্ব ব্যয়			১৪১.৬০
০১	৪১১২২০২	কম্পিউটার ও আনুষঙ্গিক	৭.১০
০২	৪১১২৩০৬	গবেষণাচার সরঞ্জামাদি	৪৯.০০
০৩	৪১১২৩১০	অফিস সরঞ্জামাদি	২.৩০
(খ) মোট মূলধন ব্যয়			৫৮.৪০
সর্বমোট ব্যয় (ক+খ)			২০০.০০

প্রকল্প বাস্তবায়নের অন্যান্য শর্তাবলীঃ

- প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন, সংশোধন, বাস্তবায়ন, অর্থ অবমুক্তি এবং ব্যবহার নীতিমালা (০৯ এপ্রিল, ২০১২ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন) অনুসরণ করতে হবে;
- এ অর্থ সরকারের প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক ব্যয় করতে হবে এবং প্রকল্পের আওতায় উল্লিখিত ক্রয়ের ক্ষেত্রে বাংলাদেশ সরকারের Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rule (PPR), 2008 অনুসরণ করতে হবে;
- এই অনুমোদন আদেশ জারীর পর প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয় যথাশীঘ্র প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করবে এবং বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে;
- অনুমোদিত প্রকল্প প্রস্তাব বহির্ভূত কোন অংশে এ অর্থ ব্যয় করা যাবে না;
- প্রকল্পের আওতায় Project Implementation Committee (PIC) গঠনপূর্বক অত্র ট্রাস্টকে অবহিত করতে হবে;
- প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প কার্যক্রম নিয়মিত মনিটরিংপূর্বক প্রতিবেদন বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট-এ প্রেরণ করতে হবে;
- অনুমোদিত প্রকল্পের অর্থছাড়ের ক্ষেত্রে ব্যয় বিভাজন (চার কিস্তির অর্থ সমভাবে বিভক্তপূর্বক) নির্ধারিত ছকে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে প্রেরণ করতে হবে;
- প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি (বাস্তব ও আর্থিক) প্রতিবেদনের হার্ড এবং সফট কপি (bcctmoefi@hotmail.com এই ই-মেইল ঠিকানায়) প্রেরণ নিশ্চিত করতে হবে;
- প্রকল্প বাস্তবায়ন শুরু পূর্বে প্রকল্প এলাকার বর্তমান অবস্থা/পরিস্থিতির রপিন ছবি ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করতে হবে;
- প্রকল্প পরিচালকের কার্যালয়ে এবং প্রকল্প কার্যক্রম বাস্তবায়ন এলাকায় বিসিসিটি কর্তৃক নির্ধারিত পরিমাপ (৩ ফুট বাই ২ ফুট) ও স্পেসিফিকেশন অনুযায়ী প্রকল্পের সংশ্লিষ্ট তথ্য সম্বলিত দৃশ্যমান সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- সংশোধিত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড ব্যবহার নীতিমালা অনুযায়ী অনুমোদন আদেশ জারির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে প্রকল্পের কার্যক্রম শুরু করা না হলে প্রকল্পের অনুমোদন আদেশ বাতিল বলে গণ্য হবে;

অ: পৃ: ৫/২